# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৬৩৩

৪৩/ ঈমান (كتاب الإيمان عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ মুনাফিকের আলামত।

## باب مَا جَاءَ فِي عَلاَمَةِ الْمُنَافِقِ

আরবী

حَدَّثَنَا مَحْمُودُ بْنُ غَيْلاَنَ، حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى، عَنْ سُفْيَانَ، عَنِ الأَعْمَشِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُرَّةَ، عَنْ مَسْرُوقٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " أَرْبَعٌ مَنْ كُنَّ فِيهِ كَانَ مُنَافِقًا وَإِنْ كَانَتْ خَصْلَةٌ مِنْهُنَّ فِيهِ كَانَتْ فِيهِ خَصْلَةٌ مِنَ النِّفَاقِ حَتَّى يَدَعَهَا مَنْ إِذَا حَدَّثَ كَذَبَ وَإِذَا وَعَدَ أَخْلَفَ وَإِذَا خَاصَمَ فَجَرَ وَإِذَا عَاهَدَ غَدَرَ " . قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .
حَدَّثَنَا الْحَسَنُ بْنُ عَلِيٍّ الْخَلاَّلُ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ نُمَيْرٍ، عَنِ الأَعْمَشِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُرَّةَ، بِهَذَا الإِسْنَادِ نَحْوَهُ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَإِنَّمَا مَعْنَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ نِفَاقُ الْعَمَلِ وَإِنَّمَا كَانَ نِفَاقُ التَّكْذِيبِ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم هَكَذَا رُوِيَ عَنِ الْحَسَنِ الْبَصْرِيِّ شَيْئًا مِنْ هَذَا أَنَّهُ قَالَ النِّفَاقُ نِفَاقَانِ نِفَاقُ الْعَمَلِ وَنِفَاقُ التَّكْذِيبِ .

বাংলা

২৬৩৩. মাহমূদ ইবন গায়লান (রহঃ) ...... আবদুল্লাহ্ ইবন আমর (রাঃ) সূত্রে নবী সাল্লাল্লাহু সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত। তিনি বলেছেনঃ চারটি বিষয় যার মধ্যে বিদ্যমান সে মুনাফিক। এর একটি যার মধ্যে থাকে তার মধ্যেও মুনাফিকের একটি বৈশিষ্ট্য থাকে যতক্ষণ না সে তা পরিত্যাগ করে। যখন কথা বলে মিথ্যা বলে, যখন ওয়াদা করে এর খেলাফ করে, যখন বিবাদ করে তখন অশ্লীল গালিগালাজ করে, যখন চুক্তি করে তখন বিশ্বাসঘাতকতা করে। সহীহ, তা’লীকুর রাগীব ৪/২৭, তিরমিজী হাদিস নম্বরঃ ২৬৩২ [আল মাদানী প্রকাশনী]

এই হাদীসটি হাসান-সহীহ। আলিমগণের নিকট এই হাদীসটির মর্ম হল আমলী-মুনাফিকী। ইসলাম অস্বীকার করার অর্থাৎ আকিদাগত মুনাফিকী ছিল রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর যুগে। হাসান বসরী (রহঃ)

থেকেও অনুরূপ ব্যাখ্যা বর্ণিত আছে। হাসান ইবন আলী খাল্লাল (রহঃ) ... আবদুল্লাহ্ ইবন মুররা (রহঃ) থেকে এই সনদে অনুরূপ বর্ণনা করেছেন: এই হাদীসটি হাসান-সহীহ।

## English

Narrated 'Abdullah bin 'Amr:

that the Prophet (ﷺ) said: There are four things that whoever has them, then he is a hypocrite, and whoever has one attribute from among them, then he has an attribute of hypocrisy,until he leaves it: Whoever lies whenever he speaks, he does not fulfill whenever he promises, he is vulgar whenever he argues, and whenever he makes an agreement he proves treacherous."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37987

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন